

৩৬৩
১৩

তথ্য কাণিকা

নারী শিক্ষা

সারা বিশ্বে নারী-পুরুষের শিক্ষা হারে বৈষম্য রয়েছে। তবে কোথাও বেশি, কোথাও কম। নারী শিক্ষার হার নির্ভর করে অন্যান্য বিষয়ের ওপর, যেমন- মাতৃ ও শিশু স্বাস্থ্য, উর্বরতার হার ইত্যাদি। লাতিন আমেরিকা, ক্যারিবিয়ান এবং পূর্ব ইউরোপের দেশসমূহে নারী-পুরুষের শিক্ষার হার প্রায় সমান পর্যায়ে পৌঁছেছে। কিন্তু দক্ষিণ এশিয়া ও মধ্যপ্রাচ্যে নারীরা শিক্ষা ক্ষেত্রে অনেক পিছিয়ে আছে। আফ্রিকার মৌরিসাস ও দক্ষিণ আফ্রিকায় প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে নারী-পুরুষের হার সমান হলেও কোন কোন দেশে এই হারের ব্যবধান

শতকরা ৫০ ভাগেরও বেশি। নিম্ন আয়ের দেশগুলোতে ড্রপ আউট হার অর্থাৎ স্কুল থেকে ঝরে পড়ার হার মেয়েদের ক্ষেত্রে অনেক বেশি। দক্ষিণ এশিয়ার অনেক দেশে মেয়েরা প্রাতিষ্ঠানিক শিক্ষা থেকে বঞ্চিত হয়। যারা স্কুলে যায় তারাও অক্ষসহ বিভিন্ন কারিগরি শিক্ষার সুযোগ পায় না। বিশ্বব্যাংকের ১৯৯৯ সালের রিপোর্ট অনুযায়ী বিভিন্ন দেশে প্রাথমিক শিক্ষার ছাত্রীর সংখ্যা নিম্নরূপঃ

দেশ	ছাত্রী সংখ্যার শতকরা হার ১৯৮০	১৯৯৬
বাংলাদেশ	৭	-
অস্ট্রেলিয়া	৫০	৪৯
ব্রাজিল	৫৪	-
চীন	-	৪৪
ফ্রান্স	-	৫৩
পাকিস্তান	-	১৫
সৌদি আরব	৩৮	৪৬
শ্রীলঙ্কা	-	৫১

গ্রন্থনা ॥ সুম্মা